একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপসা, খুলনা
www.rupsha.khulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৭৫.০০০.০০০.১১.০০০১.২৬. তারিখ: ২১/০৭/২০২৬খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত "ফ্যামিলি কার্ড" প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে রূপসা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য কিছু সংখ্যক "তথ্য সংগ্রহকারী" এবং "সুপারভাইজার" নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ ও সংখ্যা | বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকার যোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী<br>(৭২ জন) | ক) নুন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং উক্ত এলাকা সম্পর্কে ভালো জ্ঞান থাকতে হবে<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |
| ০২ | সুপারভাইজার<br>(৬ জন) | ক) নুন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা<br>খ) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>গ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>ঘ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঙ) ট্যাবলেটে চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কমরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

**আবেদন ফরম প্রাপ্তির/দাখিল স্থান:**

আবেদন ফরম উপজেলা সমাজসেবা কার্যালয়, রূপসা, খুলনা হতে সরাসরি অথবা উপজেলা প্রশাসন, রূপসা, খুলনার ওয়েবসাইটে www.rupsha.khulna.gov.bd পাওয়া যাবে; এবং অফিস চলাকালীন নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, রূপসা, খুলনায় জমা দিতে হবে। **বি:দ্র: ২৪/০৭/২০২৬ তারিখ শুক্রবার ও ২৫/০৭/২০২৬ তারিখ শনিবার অফিস খোলা থাকবে**

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র: নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | পরীক্ষার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ মি. হতে বেলা ৩.০০ মি. পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত | ২৬/০৭/২০২৬ খ্রি:<br>সকাল ১০.০০ মি.<br>অফিসার্স ক্লাব, রূপসা, খুলনা |

শর্তাবলী:

১) একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন এবং পরীক্ষার সময় মুল সনদপত্র প্রদর্শন করতে হবে।
২) তথ্য সংগ্রহকারীগনকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
৩) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৪) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোনক্রমে ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৫) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।
৬) ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৭) সংশ্লিষ্ট রূপসা উপজেলার সম্পূর্ণ এলাকার গণনাকাজে যুক্ত থাকতে হবে।
৮) তথ্য সঠিকভাবে ও সততার সাথে সংগ্রহ করতে হবে।
৯) কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
১০) সংগৃহিত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণ রক্ষা বাধ্যতামূলক।
১১) শুমারি শেষে ট্যাবলেট অক্ষতভাবে ফেরত প্রদান করতে হবে।
১২) ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে নিয়োগ ও সম্মানী বাতিল এবং আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১৩) কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(সানজিদা রিক্তা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রূপসা, খুলনা
মোবাইল: ০১৭৪৭৬০৬০৬০
ইমেইল: unorupsha@mopa.gov.bd

স্মারক নং-৪১.০১.৪৭৭৫.০০০.০০০.১১.০০০১.২৬.১৯৮ তারিখ: ২১/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০২, খুলনা-৪
২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা
৫। জেলা প্রশাসক, খুলনা
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা
৭। প্রশাসক, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা
৮। উপজেলা ........................................অফিসার, রূপসা, খুলনা
৯। সদস্য ................ ..............................ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, রূপসা, খুলনা
১০। সদস্য .........................................ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, রূপসা, খুলনা
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রূপসা, খুলনা [ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১২। চেয়ারম্যান/প্যানেল,...................................... ইউ,পি (সকল), রূপসা, খুলনা
১৩। জনাব,..........................................................................................
১৪। অফিস নথি

(মোঃ রাকিবুল ইসলাম তরফদার)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
রূপসা, খুলনা
ফোন: ০১৭১৬৭২৫১৫১
ইমেইল: rupsausso@gmail.com